

সোয়াদ | ص | ০০d

আয়াতঃ ৩৮ : ৬২

আরবি মূল আয়াত:

وَقَالُوا مَا لَنَا لَا نَرَى رِجَالًا كُنَّا نَعُدُّهُمْ مِّنَ الْأَشْرَارِ ﴿٦٢﴾

অনুবাদসমূহ:

তারা আরো বলবে, ‘আমাদের কী হল যে, আমরা যাদের মন্দ গণ্য করতাম সে সকল লোককে এখানে দেখছি না।’ — আল-বায়ান

তারা বলবে- ব্যাপার কী! আমরা যে লোকগুলোকে (দুনিয়ায়) খুব খারাপ বলে গণ্য করতাম তাদেরকে তো দেখছি না। — তাইসিরুল

তারা আরও বলবেঃ আমাদের কি হল যে, আমরা যে সব লোককে মন্দ বলে গণ্য করতাম তাদেরকে দেখতে পাচ্ছি না? — মুজিবুর রহমান

And they will say, "Why do we not see men whom we used to count among the worst? — Sahih International

৬২. তারা আরও বলবে, আমাদের কী হল যে, আমরা যেসব লোককে মন্দ বলে গণ্য করতাম তাদেরকে দেখতে পাচ্ছি না।(১)

(২) কাতাদাহ বলেন, তারা জাহান্নামীদেরকে দেখতে পাবে না। তখন বলবে, আমরা দুনিয়াতে তাদেরকে উপহাস করতাম, এখন তো তাদেরকে হারিয়ে ফেলেছি। নাকি তারা জাহান্নামেই আছে। তবে আমাদের চোখ তাদেরকে পাচ্ছে না? [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৬২) ওরা আরও বলবে, ‘আমাদের কি হল যে, আমরা যাদেরকে মন্দ বলে গণ্য করতাম, তাদেরকে দেখতে পাচ্ছি না। [1]

[1] أَشْرَارٌ (মন্দ) দ্বারা গরীব-মিসকীন মু’মিনদের বুঝানো হয়েছে। যেমন; আম্মার, খাব্বাব, সুহাইব, বিলাল ও সালমান প্রভৃতি (রাঃ)। তাঁদেরকে উল্টাভাবে মক্কার দলপতিরা মন্দ লোক বলত এবং বর্তমানেও বাতিলপন্থীরা সত্যের অনুসারীদেরকে মৌলবাদী, সন্ত্রাসী, চরমপন্থী ইত্যাদি ‘খেতাব’ দিয়ে বদনাম করে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4032>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন